গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৩১.০২.(এ.টি).০০২.২০-২৮৪ তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭
১৫ অক্টোবর ২০২০

বিষয়: **প্রশাসনিক ট্রাইব্যুনাল-০১ ঢাকা এ.টি. নং- ১০৫/২০২০ মামলা এর বিরুদ্ধে সরকারের পক্ষে ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা) জনাব মোঃ মুশফিকুর রহমান (১৩৭৯০) এর পদোন্নতিকে কেন্দ্র করে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা মামলা নং-১০৫/২০২০ দায়ের করেন। উক্ত মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ মোট ০৩ (তিন) জন-কে বিবাদী করা হয়েছে। প্রশাসনিক ট্রাইব্যুনালে-১ ঢাকায় বিবাদীগনকে লিখিত জবাব/আপত্তি সত্যপাঠ সহ (যদি থাকে) অনুলিপি সহকারে দুই প্রস্থ আগামী ০২/১১/২০২০ ইং তারিখে সকাল ৯.০০ ঘটিকার মধ্যে জবাব দাখিল করার নির্দেশনা রয়েছে। উক্ত মামলার বিরুদ্ধে নিম্নোক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ :

(ক) এ.টি মামলার আপীল নম্বর- ১০৫/২০২০ এর বিষয় সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনাল-১ ঢাকার সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌসুলি নিয়োগের ব্যবস্থা করা।

(খ) উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা ।

(গ) এ.টি মামলার ধার্য তারিখে জবাব প্রদান করা ও সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।

(ঘ) আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুত পূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌসুলির নিকট প্রেরণ করা।

(ঙ) উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিতকরণ।

২। এমতাবস্থায় উক্ত প্রশাসনিক ট্রাইব্যুনাল-০১ ঢাকা এ.টি. নং- ১০৫/২০২০ এর মামলার বিষয়ে উপরোক্ত কার্যক্রম গ্রহণপূর্বক এ বিভাগে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫-১০-২০২০
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব
ফোন: ০১৭১২ ৭৪ ৯৯ ৭৪
ইমেইল: salimsikder20@yahoo.com

মহাপরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৩১.০২.(এ.টি).০০২.২০-২৮৪/১(৪) তারিখ: ৩০ আশ্বিন ১৪২৭
১৫ অক্টোবর ২০২০

১৫ অক্টোবর ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

১৫-১০-২০২০
মোঃ সেলিম সিকদার
সহকারী সচিব